

ইউজড গাড়ি বিক্রির চুক্তিনামা দলিল

মোহাম্মদ আবুল কালাম আজাদ, পিতা : আব্দুল হাকীম মাতবর, মাতার নাম : আমিনা বেগম, ঠিকানা : গ্রাম-লুনসিং, পোঃলুনসিং, থানা-নড়িয়া, জিলা-শরিয়তপুর।। পেশা : ব্যবসা, জাতীয়তা : বাংলাদেশী, জাতীয় পরিচয় পত্র নম্বর : ১২৩৪৫৬৭৮৯৮৭৬, মোবাইল : ০৯৮৭৬৫৪৩২১, ই-মেইল : matbor45@gmail.com

- প্রথম পক্ষ/বিক্রেতা

মোঃ রাসেল হোসেন, পিতা : আবদুল মমিন, মাতার নাম : জামিলা খাতুন, ঠিকানা : বাসা/হোল্ডিং-স্কুলের দক্ষিণ বাড়ি, গ্রাম/রাস্তা-মন্দুক, ডকঘর-সোনাইমুড়ী-৩৫৬১, কুমিল্লা। পেশা : চাকুরী, জাতীয়তা : বাংলাদেশী, জাতীয় পরিচয় পত্র নম্বর : ৪৫৪২৩২৭২৮৭৩২৪৮, মোবাইল : ০৯৮৭৬২৩৪৫৬৭, ই-মেইল : rsel1994@gmail.com

- দ্বিতীয় পক্ষ/ক্রেতা

গাড়ির বিবরণ

টাইপ :	SEDAN	ব্রান্ড :	Toyot Corolla
মডেল :	2010	ম্যানুফাকচার ইয়ার :	2009
চ্যাসিস নং :	CBX1234567	ইঞ্জিন নং :	BV123457
সিসি :	1500	কালার :	Pearl
রেজিস্ট্রেশন নম্বর :	Dhaka-Mrtro-Gha-123067	আসন ক্ষমতা ড্রাইভার সহ :	5

মূল্য : | ১২,০০,০০০.০০ | কথায় : | বার লক্ষ টাকা মাত্র |

যেভাবে পরিশোধযোগ্য : এককালীন

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

পরম করুনাময় আল্লাহ্ তায়ালার নাম স্বরন করে ইউজড গাড়ি বিক্রির চুক্তিনামা দলিলের বয়ান আরম্ভ করছি যে, যেহেতু আমি প্রথম পক্ষ/বিক্রেতা উপরে উল্লেখিত গাড়িটি খরিদ সূত্রে মালিক হয়ে এযাবৎকাল সুন্দরভাবে,

কোন রকম ক্ষয়-ক্ষতি বা দুর্ঘটনা ব্যতীত ব্যবহার করে আসছি। বর্তমানে উক্ত গাড়িটি বিক্রি করার প্রস্তাব করলে পর আপনি ২য় পক্ষ/ ক্রেতা ক্রয় করার ইচ্ছা পোষণ করেন, সেমতে আমরা উভয়পক্ষ আলাপ আলোচনা সাপেক্ষে নিম্নলিখিত শর্তাধীনে প্রথম পক্ষ গাড়িটি বিক্রয় করলাম এবং দ্বিতীয় পক্ষ ক্রয় করলেন :

শর্তাবলী

- ০১ - প্রথম পক্ষ গাড়ির সমস্ত ডকুমেন্টস [ট্যাক্স টোকেন, ফিটনেস, চ্যাসিস নম্বর, ব্লু বুক] আপ টু ডেট করে ২য় পক্ষের হাতে বুঝিয়ে দিবেন।
- ০২ - গাড়ি/ডকুমেন্টস সংক্রান্ত কোন ধরনের মামলা মোকদ্দমা কিংবা কোন ধরনের ব্যাংক লোন সংক্রান্ত আইনগত কোন জটিলতা থাকলে প্রথম পক্ষ তা সমাধান করে দিবেন।
- ০৩ - প্রথম পক্ষ স্পষ্টভাবে বা লিখিত আকারে গাড়ির অবস্থা ২য় পক্ষের কাছে প্রদান করবেন।
- ০৪ - দ্বিতীয় পক্ষ, গাড়িটি নিজে যাচাই বাছাই করার পরে, বর্তমান অবস্থায় গাড়িটি কিনতে আগ্রহী মর্মে একটি হলফনামা প্রদান করবেন।
- ০৫ - প্রথম পক্ষ চুক্তি মোতাবেক অর্থ হাতে পাওয়ার সাথে সাথে গাড়িটির মালিকানা দ্বিতীয় পক্ষের কাছে হস্তান্তর করতে বাধ্য থাকবেন।
- ০৬ - অদ্য | ২-ফেব্রুয়ারী-২০২০ইং | তারিখের পরে উক্ত গাড়ি সংক্রান্ত মামলা মোকদ্দমা বা আইনগত সমস্ত জটিলতা ২য় পক্ষ/ক্রেতা নিজ খরচে নিজ প্রচেষ্টায় সমাধান করে নিবেন।
০৭. সব ধরনের লেনদেন ব্যাকিং চ্যানেলে পরিশোধের শর্তে আমরা উভয়েই সহমত পোষণ করছি।

[হলফনামা - দ্বিতীয় পক্ষ/ক্রেতা : আমি শপথ এবং ঘোষণা করছি যে, আমি উপরে উল্লেখিত গাড়িটির বর্তমান অবস্থা এবং গাড়ির সমস্ত ডকুমেন্টস্ নিজে পরীক্ষা করে উক্ত গাড়িটি ক্রয় করার ইচ্ছা পোষণ করছি। এতে কারো কোন প্ররোচনা বা জোর জবরদস্তি নাই।]

[হলফনামা - প্রথম পক্ষ/বিক্রেতা : আমি শপথ এবং ঘোষণা করছি যে, আমি কোনও বাধ্যবাধকতা ছাড়াই যথাযথ বিবেচনায় গাড়িটি বিক্রয় করছি। এতে, আমার মালিকানা

এবং আমার আইনী উত্তরাধিকারীদের কোনও ওজর বা আপত্তি থাকবে না এবং তা সর্ব
আদালতে অগ্রাহ্য হবে।]

এতদ্বার্থে স্বোচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে অন্যের বিনা প্ররোচনায় আমরা উপস্থাপিত অত্র চুক্তি পত্র পাঠ করে,
বুঝে এবং এর মর্ম অবগত হয়ে উপস্থিত স্বাক্ষীদের মোকাবেলয়া চুক্তিপত্রের সকল শর্তাদী মেনে চলার
অঙ্গীকার করে আমাদের নিজ নিজ নাম ও সহি সম্পাদন করলাম।

ইতি,

অত্র চুক্তিপত্র দলিলের মূল কপি (100+100+100) টাকার নন জুডিশিয়াল ৩ (তিন) টি স্ট্যাম্পে কম্পিউটার
কম্পোজকৃত ও স্বাক্ষী ৩ জন বটে।

চুক্তিপত্র দলিলের সহি সম্পাদনের তারিখঃ
২-ফেব্রুয়ারী-২০২০ইং

১ম পক্ষ / বিক্রেতার স্বাক্ষর :

✓

.....
মোহাম্মদ আবুল কালাম আজাদ
মোবাইল : ০৯৮৭৬৫৪৩২১

২য় পক্ষ / ক্রেতার স্বাক্ষর :

✓

.....
মোঃ রাসেল হোসেন
মোবাইল : ০৯৮৭৬২৩৪৫৬৭

স্বাক্ষীগনের স্বাক্ষর :

স্বাক্ষী - ১

✓

স্বাক্ষী - ২

✓

স্বাক্ষী - ৩

✓

Prepared by : জুস্মান হোসেন রাসেল (ম্যানেজার, সানওয়ান প্রাইভেট লিমিটেড)

